ঝিনাইদহের কালীগঞ্জে গাঁজাসহ বাবা ছেলে আটক

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার আড়পাড়া এলাকা থেকে বাবা ও ছেলেকে গাঁজাসহ আটক করেছে পুলিশ।

আজ শনিবার সকাল সাড়ে ৯ টার দিকে তাদের আটক করা হয়। এ সময় তাদের কাছ থেকে তিন কেজি গাঁজা উদ্ধার করা হয়েছে।
কালীগঞ্জ থানার ওসি মাহাবুবুর রহমান জানান, মাদক কেনাবেচা হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে উপজেলার আড়পাড়া এলাকায় কালীগঞ্জ থানা পুলিশের এসআই কাবিরুলের নেতৃত্ব অভিযান পরিচালনা করা হয়।

এ সময় চুয়াডাঙ্গা জেলার দর্শনা এলাকার শাহাবুল ইসলাম ও আশিকুল নামে দুই মাদক কারবারিকে আটক করা হয়। তাদের দেহ তল্লাশি করে তিন কেজি গাঁজা উদ্ধার করা হয়েছে। আটককৃতদের বিরুদ্ধে কালীগঞ্জ থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের হয়েছে।

আলমডাঙ্গার পাইকপাড়ায় গাঁজাসহ আটক ১

আলমডাঙ্গার ঘোলদাড়ি পাইকপাড়ায় ২’শ গ্রাম গাঁজাসহ এক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। আজ সোমবার বিকেল সাড়ে ৪ টায় ডালিম শাহ মোড় থেকে তাকে আটক করে। তার শরীর তল্লাশী করে ২’শ গ্রাম গাঁজা উদ্ধার করে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার নাগদাহ ইউনিয়নের জোরগাছা শান্তিপাড়ার মৃত মঙ্গল উদ্দিনের ছেলে খবির উদ্দিন (৩০)। সে দীর্ঘদিন ভ্রাম্যমাণ গাঁজা বিক্রয় করে আসছিলো। আজ সোমবার বিকেলে পাইকপাড়া গ্রামে গাঁজা বিক্রয় করতে আসে খবির উদ্দিন। ঘোলদাড়ি ফাঁড়িপুলিশ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে।

এসময় ডালিম শাহ মোড়ে তাকে আটক করে। পরবর্তীতে তার শরীর তল্লাশী করে ২’শ গ্রাম গাঁজা উদ্ধার করে। এঘটনায় পুলিশ বাদি হযে খবির উদ্দিনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করেন।

মেহেরপুরে ১ কেজি গাঁজাসহ আটক ১

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি মেহেরপুরের গাংনী ক্যাম্পের একটি টীম অভিযান চালিয়ে এক কেজি গাঁজাসহ মোঃ মামুন ওরফে মুন্না হোসেন মন্ডল(১৯) নামের এক যুবককে আটক করেছে।

আটক মোঃ মামুন ওরফে মুন্না হোসেন মন্ডল(১৯) কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার ধর্মদহ গ্রামের মকবুল হোসেনের ছেলে।

আজ মঙ্গলবার (২ মে) বেলা দেড়টার দিকে র্যাব-১২ সিপিসি গাংনী ক্যাম্পের কমান্ডার সিনিয়র সহকারী পুলিশ সুপার মোঃ গোলাম ফারুকের নেতৃত্বে ধর্মদহ এলাকায় গোপন সংবাদে অভিযান চালিয়ে ১ কেজি গাঁজাসহ মুন্নাকে গ্রেফতার করে। এ সময় তার নিকট থেকে মাদক-ক্রয় বিক্রয়ের কাজে ব্যবহৃত ১টি মোবাইল জব্দ করা হয়।

এঘটনায় দৌলতপুর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে গ্রফতারকৃত আসামীকে হস্তান্তর করা হয়েছে।

গাংনীতে র্যাবের অভিযানে দেড় কেজি গাঁজাসহ আটক ১

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) একটি টিম অভিযান চালিয়ে দেড় কেজি ভারতীয় গাঁজাসহ মোঃ নাহিদ ইসলাম (২০) নামের এক মাদক

ব্যবসায়ীকে আটক করেছে।

আটক নাহিদ হোসেন গাংনী উপজেলার গাঁড়াবাড়িয়া গ্রামের মোঃ লাল্টু মিয়ার ছেলে। আজ রবিবার (১৬ এপ্রিল) দুপুরের দিকে এই অভিযান চালান র্যাব।

র্যাব-১২ মেহেরপুর সিপিসি-২ এর গাংনী ক্যাম্প কমান্ডার সিনিয়র সহকারি পুলিশ সুপার (এএসপি)মোঃ গোলাম ফারুকের নেতৃত্বে র্যাবের একটি টিম গাংনী উপজেলার রামকৃষ্ণপুরধলা গামী পাকা রাস্তার উপর অভিযান চালিয়ে তাকে আটক করেন। এসময় তার নিকট থেকে দেড় কেজি গাঁজা উদ্ধার করা হয়। একটি মোবাইল ফোন জব্দ করা হয়েছে।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দিয়ে গ্রেফতারকৃত আসামীকে গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

বামন্দীতে গাঁজাসহ আটক ২

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী পশুহাট এলাকা থেকে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ১৫০ গ্রাম গাঁজাসহ দুইজনকে আটক করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকেলের দিকে বামন্দী পুলিশ ক্যাম্পের একটি দল এ অভিযান পরিচালনা করে।

আটককৃতরা হলেন, চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার ভাঙবাড়িয়া গ্রামের আমিরুল ইসলামের ছেলে আসলাম উদ্দিন (৪৫) এবং একই গ্রামের রিয়াজুদ্দিনের ছেলে আরশেদ আলী (২৮)।

গাংনী থানাধীন বামন্দী পুলিশ ক্যাম্প ইনচার্জ এসআই ইসরাফিল হোসেন জানান, গোপন সংবাদ ভিত্তিতে অভিযান চালিয়ে বামন্দী পশুহাট এবং নওদা ছাতিয়ানের মাঝামাঝি এলাকা থেকে দুজনকে ১৫০ গ্রাম গাঁজা সহ আমরা আটক করি। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে তাদের আদালতে পাঠানো হবে।

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় এক কেজি গাঁজাসহ আটক ১

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় এক কেজি গাঁজাসহ খোকন নামে একজনকে আটক করেছে পুলিশ।

মঙ্গলবার রাত ৮টার সময় দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদের দিকনির্দেশনায় কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই ইমরান হোসেনের নেতৃত্বে এএসআই মসলেম উদ্দিন সহ সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা থানাধীন কার্পাসডাঙ্গা ইউনিয়নের পিরপুরকুল্লা গ্রামস্থ কার্পাসডাঙ্গা হইতে কুতুবপুর গামী বয়রা মোড় নামক তিন রাস্তার মোড়ে যাত্রী ছাউনীর সামনে পাকা রাস্তার উপর অভিমান চালিয়ে এক কেজি গাঁজাসহ হাতে নাতে খোকন নামে একজনকে গ্রেফতার করে।

আটককৃত হলেন দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের আরামডাঙ্গা গ্রামের খতিব মড়লের ছেলে খোকন মিয়া। পরে স্বাক্ষীর উপস্থিতিতে উদ্ধ্যারকৃত মাদকদ্রব্য গাঁজা জব্দ তালিকা মূলে জব্দ করতঃ আসামী কে পুলিশ হেফাজতে নেয়।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন গাঁজাসহ একজনকে আটক করা হয়েছে মামলা প্রক্রিয়াধীন।আজ বুধবার আসামিকে আদালতে প্রেরণ করা হবে।

গাংনীর আমতৈল থেকে গাঁজাসহ আটক ১

মেহেরপুরের গাংনীতে ৯২৫ গ্রাম গাঁজাসহ সাদ আহাম্মেদ(৫০) নামের এক

মাদক কারবারীকে আটক করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২)।

গতকাল বুধবার সন্ধ্যা ছয়টার দিকে তাকে আটক করে।আটককৃত সাদ আহম্মেদ গাংনী উপজেলার আমতৈল গ্রামের মৃত রায়হান উদ্দিন ছেলে।

গাংনী র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) কামান্ডার সিনিয়র সহকারী পুলিশ সুপার মোঃ গোলাম ফারুক জানান, মাদক নিয়ে অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) টিম অভিযান চালিয়ে আমতৈল গ্রামের গোরস্থান পাড়া এলাকা থেকে সাদ আহম্মেদ কে আটক করে।

এসময় তার কাছে থেকে ৯২৫ গ্রাম গাঁজা, মাদক বিক্রির নয়শ টাকা ও একটি বাটন মোবাইল উদ্ধার করে। তিনি আরো জানান,আটককৃত সাদ আহম্মেদকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা পূর্বক গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।